

৩০
স্বাক্ষর

আগৈলঝাড়ায় সিডরে ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে অর্থ বরাদ্দ

আগৈলঝাড়া প্রতিনিধি

সিডরের ভয়াবহ জাওবে আগৈলঝাড়ার ৭৯ কতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে ৪৭ লাখ ৩০ হাজার টাকা বরাদ্দ পাওয়া গেছে। অন্যদিকে ঘূর্ণিঝড়ে ৭৯টি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হলেও ৭৬টি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের অনুকূলে এ টাকা বরাদ্দ দেয়া হয়েছে বলে জানা গেছে।

সিডরের আঘাতে অনেক শিক্ষা প্রতিষ্ঠানের আদরবাপত্র ভেঙে টুকরো টুকরো হয়ে গেছে। আগৈলঝাড়ায় হাজার হাজার শিক্ষার্থীর লেখাপড়া ব্যাহত হচ্ছে। সিডরের জাওবে দু'ল কলেজ, মন্ত্রাসাহ ৭৯টি শিক্ষা প্রতিষ্ঠানের কতি হয়েছে। এর মধ্যে ২টি কলেজ, ৩৯টি মাধ্যমিক বিদ্যালয়, ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ের আংশিক ক্ষতিসাধিত হয়েছে। যার কতির পরিমাণ নির্ধারণ করা হয়েছে ১৩ লাখ ৪৫ হাজার টাকা। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানের টিনশেড ঘরগুলো ভেঙে এবং গাছ পড়ে বিধ্বস্ত

হয়েছে বলে জানা গেছে। যেমন গৈলা ইউনিয়নের কালুপাড়া রেঞ্জি প্রাথমিক বিদ্যালয়ে এখন খেলা আকাশের নিচে ছাত্রছাত্রীদের ক্লাস নেয়া হচ্ছে। উপজেলা সদরের শহীদ আব্দুর রব পেরনিয়াবাত ডিগ্রি কলেজের টিনশেড একটি ঘর ভেঙে সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। উপজেলার ৩৮টি প্রাথমিক বিদ্যালয়গুলোর আংশিক কতি হয়েছে। এ ছাড়াও উপজেলার ৫টি ইউনিয়নের ৩৯টি মাধ্যমিক বিদ্যালয় ও মন্ত্রাসাহও কতিসাধিত হয়েছে। অনেক বিদ্যালয়ে ভেঙে বিধ্বস্ত হওয়ার পরে লেখাপড়া বিচ্ছিন্ন হচ্ছে। ভেঙে কতিগ্রস্ত আগৈলঝাড়ার ৭৬টি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের অনুকূলে ৪৭ লাখ ৩০ হাজার টাকা বরাদ্দ পাওয়া গেছে। সর্বমিলিত করে মতে উপজেলায় ৫টি ইউনিয়নের মধ্যে ৮টি মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। ৮টি শিক্ষা প্রতিষ্ঠান বরাদ্দ ২ লাখ ৫০ হাজার টাকা করে ২০ লাখ ও ৩০টি আংশিক কতিগ্রস্ত প্রতিষ্ঠানের অনুকূলে ৫০ হাজার টাকা করে ১৫ লাখমহ মোট ৩৫ লাখ টাকা বরাদ্দ পাওয়া

গেছে বলে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবিএম জাহিদ হোসেন জানান। উপজেলায় প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ৫টি ইউনিয়নে ৩৯টি প্রাথমিক বিদ্যালয়ের ভেঙে কতিগ্রস্ত হয়েছে। ৩৮টি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান মেরামতের জন্য সরকারিভাবে ১২ লাখ ৩০ হাজার টাকা বরাদ্দ পাওয়া গেছে বলে প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মাসুম বিল্লাহ জানান। সূত্র মতে, সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩০টি, রেজিস্টার্ড প্রাথমিক ৬টি ও কমিউনিটি বিদ্যালয় ২টি আংশিক কতিগ্রস্ত মেরামত বরাদ্দ এ অর্থ বরাদ্দ পাওয়া গেছে।